# যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতায় আগ্রহী ইরান: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে যুদ্ধ নয়, আলোচনার মাধ্যমে সমঝোতায় পৌঁছাতে চায় ইরান বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) ফক্স নিউজের সাংবাদিক ব্রেট বেয়ারের সঙ্গে এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেন। যুদ্ধ নাকি সমঝোতা—এমন প্রশ্নের জবাবে পেজেশকিয়ান বলেন, ইরান যুদ্ধ শুরু করেনি; তাদের ওপর যুদ্ধ চাপিয়ে দেওয়া হয়েছে এবং তারা সংঘাত চায় না।

জুনের সমঝোতা স্মারকের প্রসঙ্গ তুলে তিনি জানান, ৬০ দিনের মধ্যে চূড়ান্ত শান্তি চুক্তির লক্ষ্য ছিল। তবে হরমুজ প্রণালিতে নৌ চলাচল নিয়ে মতপার্থক্যের কারণে সেই উদ্যোগ এগোয়নি। যুদ্ধ বন্ধের বিষয়ে যুক্তরাষ্ট্রকেই সিদ্ধান্ত নিতে হবে বলেও মন্তব্য করেন তিনি।

৬০ শতাংশ সমৃদ্ধ ইউরেনিয়াম ত্যাগ করা হবে কি না—এ প্রশ্নে পেজেশকিয়ান বলেন, আন্তর্জাতিক আইন ও পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তির (NPT) অধীনে ইরান তার দায়বদ্ধতা মেনে চলবে।

LENS ASIA